

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা: ০৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ২১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.১০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)' নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন :

ক্রমিক	নাম ও পদবি	দায়িত্ব
(১)	শেখ হাসিনা, এমপি প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	চেয়ারপারসন
(২)	জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	বিকল্প চেয়ারপারসন
(৩)	জনাব ওবায়দুল কাদের, এমপি মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	সদস্য
(৪)	জনাব নূরুল মজিদ মাহমুদ হামায়ুন, এমপি মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(৫)	জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সদস্য

(৫৩১)

মূল্য : টাকা ৪.০০

(৬)	জনাব মুহাম্মদ ফারুক খান, এমপি মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	সদস্য
(৭)	জনাব আব্দুস সালাম, এমপি মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
(৮)	জনাব র, আ, ম, উবায়দুল মোকতাদির চৌধুরী, এমপি মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
(৯)	জনাব নারায়ন চন্দ্র চন্দ, এমপি মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়	সদস্য
(১০)	জনাব মোঃ আব্দুস শহীদ, এমপি মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
(১১)	ডা: সামন্ত লাল সেন মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	সদস্য
(১২)	জনাব নাজমুল হাসান, এমপি মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	সদস্য
(১৩)	জনাব সাবের হোসেন চৌধুরী, এমপি মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
(১৪)	জনাব মহিবুল হাসান চৌধুরী, এমপি মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
(১৫)	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী	সদস্য

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ:**

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- (৩) সচিব, পরিকল্পনা বিভাগ
- (৪) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- (৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- (৬) সচিব, অর্থ বিভাগ
- (৭) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- (৮-১৩) পরিকল্পনা কমিশনের সদস্যগণ
- (১৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন;
- (২) সরকারি খাতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;
- (৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;
- (৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণমূলক বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;
- (৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা; এবং
- (৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১১ আগস্ট ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.৫৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল করা হলো।

(ছ) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সাদ্দ মাহবুব খান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫১১০৩৬

e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd